

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৬২৬.০৭.০২৫.২৩ নথির বিষয়: Servicing and maintenance work of IRP#2 11/0.44 KV pad-mounted sub-stations of SKWP.

নোট: ১ নোটের বিষয়: Servicing and maintenance work of IRP#2 11/0.44 KV pad-mounted sub-stations of SKWP.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১/৯/২৩ ১১:১২ অপরাহ্ন

ঢাকা ওয়াসার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট (সাকেওপা) গত ০১/০৪/২০১৯ ইং তারিখে হতে পরিচালিত হচ্ছে। গত ০৫/০২/২০২০ ইং তারিখে আলোচ্য প্লান্ট-টি ঢাকা ওয়াসা এর ডেভেলপমেন্ট উইং হতে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য পানি ও পয়ঃ শোধনাগার সার্কুলকে হস্তান্তর করা হয়েছে। অত্র প্লান্টে ২টি আয়রন রিমুভাল প্লান্ট (IRP#1 ও IRP#2), ৪৫ টি গভীর নলকূপ (DTW) (পরবর্তীতে আরও ১ টি গভীর নলকূপ চালু হবে) এর স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য অত্যাধুনিক অটোমোটেড SCADA সিস্টেম রয়েছে। সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট এর লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিঃ। অত্র প্লান্টের আওতায় ২টি আইআরপি, ১টি ওজিআর, ১টি বুস্টার পাম্পিং স্টেশন ও ৪৫ (৪৬) টি গভীর নলকূপ স্টেশন (DTW) রয়েছে। প্রতিটি DTW পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড SCADA সিস্টেম রয়েছে। সামগ্রিক ব্যবস্থাপনায় বিদ্যুতায়নের জন্য দুই আইআরপি-তে ২টি ৩৩/১১ কেভি ৫ এমভিএ রেটিংয়ের মেইন বৈদ্যুতিক সাব-স্টেশন রয়েছে। IRP#1 এ শুধুমাত্র প্লান্ট কম্পাউন্ড বিদ্যুতায়নের জন্য ১টি ১১/০.৪৪ কেভি ১.২৫ এমভিএ এবং IRP#2 এ ১টি ১১/০.৪৪ কেভি ২০০ কেভিএ রেটিংয়ের সেকেন্ডারী বৈদ্যুতিক সাব-স্টেশন রয়েছে। এছাড়া ৪৫টি গভীর নলকূপ স্টেশনে বিদ্যুতায়নের জন্য প্রতিটিতে ১টি করে ১১/০.৪৪ কেভি ১০০ কেভিএ রেটিংয়ের প্যাড মাউন্টেড বৈদ্যুতিক সাব-স্টেশন রয়েছে (সংযুক্তি-১)। আলোচ্য নথিতে আইআরপি-২ এর আওতাধীন ২৩টি ১১/০.৪৪ কেভি ১০০ কেভিএ রেটিংয়ের প্যাড মাউন্টেড বৈদ্যুতিক সাব-স্টেশন ট্রান্সফরমার ও L.T Switch gear এর বাৎসরিক ২ (দুই) বার মেজর মেইন্টেনেন্স কাজ ধরে আলোচ্য নথিতে প্রস্তাব উপস্থাপন করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১/৯/২৩ ১১:১৩ অপরাহ্ন

আলোচ্য সার্ভিসিং কাজের জন্য PWD SoR 2022 for E/M Works এর Subhead 2.1 এর (সংযুক্তি-৪) চিহ্নিত আইটেমসমূহ এর দর এনালাইসিস করা হয়েছে। উল্লেখ্য যে, বর্ণিত রেইট সিডিউলে সাব-স্টেশন সার্ভিসিং কাজ বছরে ৩ (তিন) বার সম্পাদনতব্য ধরে দর উল্লেখ করা হয়েছে। কাজের স্বার্থে, অত্র প্লান্টের সাব-স্টেশনসমূহের বাৎসরিক মেজর সার্ভিসিং কাজ বরাদ্দকৃত বাজেটের মধ্যে সম্পাদনের লক্ষ্যে দর এনালাইসিসকালে সার্ভিসিং কাজ ২ (দুই) বার সম্পাদনতব্য ধরে দর ধরা হয়েছে (সংযুক্তি-৫)। উক্ত দর এনালাইসিস এর দর অপেক্ষা কম দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৮. ৪,৯৯,৬৭৫ (টাকা চার লক্ষ নিরানব্বই হাজার ছয়শত পঁচাত্তর) মাত্র (সংযুক্তি-৬)। আলোচ্য সার্ভিসিং কাজটি সাকেওপা এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের বাজেট হেড- পরিচালন ব্যয় খাতের আওতাধীন উপ-খাত ক্রমিক নং-১৭, পানির পাম্প রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০৩) ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৭২ (W44) হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-২ ও ৩)।



সংযুক্তিসমূহ (৬):

- ১। 1 XFR quantity list.pdf
- ২। 2 Revised Budget_FY 22-23_SKWP.pdf
- ৩। 3_APP 2023-24_approved.pdf
- ৪। 4 Subhead-2.1 Substation & Related works.pdf
- ৫। 5 rate analysis.pdf
- ৬। 6 SL-72_Estimate-SS IRP-2.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১/৯/২৩ ১১:১৪ অপরাহ্ন


এমতাবস্থায়, নোটারিওর নং- ১.০ ও ১.১ এর বর্ণনার প্রেক্ষিতে, ঢাকা ওয়াসার “সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট” এর আওতায় Servicing and maintenance work of IRP#2 11/0.44 KV pad-mounted sub-stations of SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিয়ে বর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারে:

- ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দর পত্র পদ্ধতি (OTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহ্বানের অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট ৮. ৪,৯৯,৬৭৫ (টাকা চার লক্ষ নিরানব্বই হাজার ছয়শত পঁচাত্তর) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন।
- গ) আলোচ্য কাজটির ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের বাজেট হেড- পরিচালন ব্যয় খাতের আওতাধীন উপ-খাত ক্রমিক নং-১৭, পানির পাম্প রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০৩) হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।
- উল্লেখ্য, আলোচ্য উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা অত্র প্লান্টের ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনায় ‘প্রধান প্রকৌশলী’ মহোদয়কে অর্পণ করা হয়েছে।

		
১/৯/২৩ ১১:৫৪ অপরাহ্ন মোঃ মাইদুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট	২/৯/২৩ ৪:২৪ অপরাহ্ন কাজী বিপ্লব হোসেন সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট	২/৯/২৩ ৪:২৪ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৩/৯/২৩ ১২:২১ পূর্বাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



৩/৯/২৩ ১২:২১ পূর্বাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

৩/৯/২৩ ১২:২১ পূর্বাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ৩/৯/২৩ ১২:৩৮ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2




৩/৯/২৩ ১২:৩৮ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

৩/৯/২৩ ১২:৩৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ৬/৯/২৩ ৯:৩৮ অপরাহ্ন

অনুমোদিত




৬/৯/২৩ ৯:৩৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


৬/৯/২৩ ৯:৩৮ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

অনুচ্ছেদ ১.৬ - তারিখ: ৭/৯/২৩ ৪:২১ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.৫ এর অনুমোদনের আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।



৮/৯/২৩ ৮:৩৭ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট



৮/৯/২৩ ১১:২৫ অপরাহ্ন
মোঃ মাইদুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট